01 SEP 2016

দৈনিক জনকণ্ঠ

## মেডিক্যালে ভর্তি

# অনলাইনে শুরু হয়েছে আবেদন, চলবে ২০ সেপ্টেম্বর পর্যন্ত

স্টাফ রিপোর্টার ॥ এমবিবিএস ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার অনলাইনে আবেদন শুরু হয়েছে বুধবার। আবেদনের শেষ তারিখ আগামী ২০ সেপ্টেম্বর। এবারও ইতোমধ্যে ভর্তিকৃত

(১৯ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)

## অনলাইনে শুরু

(২০-এর পৃষ্ঠার পর)

পুরনো শিক্ষার্থীদের নম্বর কর্তনের বিষয়টি বহাল রাখা হয়েছে। লিখিত পরীক্ষার প্রতিটি ভুল উত্তর দেয়ার জন্য নম্বর কাটা হবে। এবার মেডিক্যাল ও ডেন্টাল কলেজের ভর্তি পরীক্ষা পৃথকভাবে অনুষ্ঠিত হবে। এমবিবিএসের ভর্তি পরীক্ষা আগামী ৭ অক্টোবর ও বিডিএসের (ডেন্টাল) পরীক্ষা ৪ নবেম্বর হবে। একই শিক্ষার্থী এমবিবিএস ও বিডিএস ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারবে। শীঘ্রই বিডিএস ভর্তি পরীক্ষার বিজ্ঞপ্তি দেয়া হবে বলে জানিয়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

স্বাস্থ্য অধিদফতর জানায়, এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তির আবেদন ফি এক হাজার টাকা নির্ধারণ করা হয়েছে। এবার মেডিক্যাল ও ডেন্টালে এক ঘণ্টার ১০০ নম্বরের এমসিকিউ (টিকচিহ্ন) পরীক্ষা ও এসএসসি এবং এইচএসসি পরীক্ষার ফলের (প্রাপ্ত জিপিএ ২০০ নম্বর হিসেবে নির্ধারণ করে) ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। লিখিত পরীক্ষায় পাস নম্বর আগের মতোই ৪০ থাকছে। গত ১৮ আগস্ট এইচএসসি (উচ্চ মাধ্যমিক) ও সমমানের পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। এবার এ পরীক্ষায় গড় পাসের হার ৭৪ দশমিক ৭০ শতাংশ।

স্বাস্থ্য অধিদফতর সূত্রে জানা গেছে, দেশে বর্তমানে ৩৬ সরকারী মেডিক্যাল কলেজে এমবিবিএস কোর্সে ৩ হাজার ৭২৯ আসন এবং ৬৪ বেসরকারী মেডিক্যাল কলেজে ৬ হাজার ১৫৫ আসন রয়েছে। এছাড়া ছয়টি সরকারী ডেন্টাল কলেজ ও মেডিক্যাল কলেজের ডেন্টাল ইউনিট মিলিয়ে বিডিএস কোর্সে মোট ৬৩৫ ও ২৪ বেসরকারী ডেন্টাল কলেজ ও ইউনিটে এক হাজার ৩৮৫ আসন রয়েছে।